তারিখ ... 13 JUN 1991 ......
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 5

দৈনিক খবর

248

22

# চট্টগ্রাম ভার্সিটি পরিস্থিতি নিরসনে সরকারী উদ্যোগ

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১২ই জুন।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি নিরসনে সরকার উদ্যোগ নিয়েছে। স্বরাষ্ট্র সচিব ... মজিদ এবং পুলিশের আইজি তৈয়ব উদ্দিন এ ব্যাপারে আজ রাতে চট্টগ্রাম পৌঁছেছেন।

দু'সদস্যের এই সরকারী দলটি আগামীকাল চাকসু, সর্বদলীয় ছাত্র

৭–এর পাতায় দেখুন

## চট্টগ্রাম ভার্সিটি পরিস্থিতি

প্রথম পৃষ্ঠার পর

ঐক্য, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, শিক্ষক পরিষদ, ইসলামী ছাত্র শিবির, আওয়ামী লীগ, বিএনপি, জামায়াতে ইসলামী ও ৫ দল নেতৃবৃন্দ এবং উপাচার্যের সাথে পৃথক পৃথকভাবে আলোচনায় মিলিত হবেন। বিশ্ববিদ্যালয়ের বর্তমান অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যে চট্টগ্রাম বিএনপি নেতৃবৃন্দও প্রচেষ্টা চালাচ্ছেন। তারা ইতিমধ্যে জামায়াত নেতাদের সাথে আলোচনা করেছেন। সর্বদলীয় ছাত্র ঐক্য এবং অন্যান্য রাজনৈতিক দলের নেতাদের সাথেও তারা আলোচনা করবেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অচলাবস্থার আজ দ্বাদশ দিন অতিবাহিত হয়। চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য এবং সাধারণ ছাত্র-ছাত্রী ও স্থানীয় জনতা আজ তৃতীয় দিনের মত ক্যাম্পাস অবরোধ করে রাখেন। বিশ্ববিদ্যালয়ের সব গেটের চাবি গার্ডদের কাছ থেকে শিবির সমর্থকরা হস্তগত করে নিয়েছে। তারা আজ বিভিন্ন বিভাগের বেশ কিছু শিক্ষকের নামফলকও তুলে নিয়েছে এবং সাবেক প্রো–ভিসি ও বাণিজ্য অনুষদের ডীন অধ্যাপক আলী ইমদাদ খানের অফিস কক্ষের দরজা জানালা ভাংচুর করেছে বলে জানা গেছে। সর্বদলীয় ছাত্র ঐক্য আজ বিশ্ববিদ্যালয় সংযোগ সড়কে সভা ও মিছিল করেছে। শিবির সমর্থিত সংগ্রামী ছাত্র ঐক্যের উদ্যোগে আজ অনুষ্ঠিত বিক্ষোভ–সমাবেশে অবিলম্বে বর্তমান ভিসির অপসারণ দাবী করা হয়। শিবির সমর্থিত সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদের উদ্যোগে আজ ভিসি অফিসে অবস্থান ধর্মঘট পালিত হয়। পরে বেলায়েত হোসেন কাজলের সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। অভিভাবক সমিতির পক্ষ থেকে এ কে এম রফিকউল্লাহ চৌধুরী ও বদি... আলম বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতিতে ...দ্বেগ প্রকাশ করে একটি বি...তি দি...ছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ...কেন্দ্র এ ফোরামের আহবায়ক রফি... আহমদের সভাপতিত্বে গতকাল ...ষ্ঠিত এক সভায় শিবিরের সন্ত্রাসের কবল থেকে বিশ্ববিদ্যালয়কে মুক্ত করার আহবান জানানো হয়।

### ভিসি ষড়যন্ত্রমূলক তৎপরতায় লিপ্ত ঃ শিক্ষক পরিষদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের পক্ষ থেকে আজ এক বিবৃতিতে বলা হয়েছেঃ ভিসি অধ্যাপক আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন দীর্ঘদিন ধরে ক্যাম্পাসের বাইরে অবস্থান করে ছাত্র, শিক্ষক, কর্মচারীদের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক তৎপরতায় লিপ্ত রয়েছেন। পরিষদের আহবায়ক ডঃ মাহফুজুল হক স্বাক্ষরিত বিবৃতিতে একজন নিরপেক্ষ ব্যক্তির ওপর বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব অর্পণের জন্যে অস্থায়ী রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করা হয়।

### গণদাবীকে ভিন্নখাতে প্রবাহিত করার ষড়যন্ত্র চলছে ঃ শিবির

ইসলামী ছাত্র শিবির নেতা হামিদুর রহমান আজাদ, মোস্তফা কামাল চৌধুরী, শাহ আলম, নিজামউদ্দিন, মুহাম্মদ উল্লাহ, রেজাউল করিম আজ এক যুক্ত বিবৃতিতে বলেছেন, ভিসিকে অপসারণের দাবী গণদাবীতে পরিণত হয়েছে। তা সত্ত্বেও সরকার নির্লিপ্ত রয়েছেন। এই সুযোগে এক শ্রেণীর সন্ত্রাসী অবরোধের নামে সন্ত্রাস নির্ভর কর্মসূচী দিয়ে এই গণদাবীকে ভিন্নখাতে প্রবাহের ষড়যন্ত্র চালাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ে শিবিরের আগামীকালের বিক্ষোভ মিছিল ও সমাবেশের কর্মসূচী স্থগিত ঘোষণা করা হয়েছে। শনিবার এই কর্মসূচী পালন করা হবে।